

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়, চুয়াডাঙ্গা।

আদেশ নং- ৬৯

তারিখঃ ১৫ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, প্রশিক্ষণ শাখা-১ এর ২২ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের ১০.০০.০০০০.১৫১.২৯.০০১.২৪.৯৬ নং পত্র মোতাবেক বাংলাদেশ সরকারের এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের উদ্যোগে বিচার বিভাগের জন্য প্রস্তুতকৃত বিচার বিভাগীয় বাতায়ন (judiciary.gov.bd) এর পরিচিতি ও পরিচালনা পদ্ধতির ওপর আদালতের সহায়ক কর্মচারীদের জন্য ভার্যুয়াল প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

আগামী ০৩/০৮/২০২৫, ০৪/০৮/২০২৫ ও ০৬/০৮/২০২৫ খ্রিঃ তারিখ (সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত) প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য চুয়াডাঙ্গা জেলা জজশীপের প্রযুক্তি জ্ঞানসম্পন্ন ০২(দুই) জন কর্মচারীকে মনোনয়ন প্রদান পূর্বক কর্মচারীগণকে প্রশিক্ষণে অংশগ্রহণের অনুমতি প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, জুম প্লাটফর্মে আয়োজিত উল্লিখিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য চুয়াডাঙ্গা জেলা জজশীপের ১) জনাব মোঃ আবু সাঈদ মোল্লা, বেঞ্চ সহকারী, ২) জনাব মোঃ আলহাজ হোসেন, দায়রা সহকারীকে মনোনয়ন প্রদান করতঃ প্রশিক্ষণে অংশ গ্রহণের অংশগ্রহণের অনুমতি প্রদান করা হলো।

উল্লিখিত সময় ও তারিখে মনোনিত প্রশিক্ষণার্থীদ্বয় কর্মস্থলে উপস্থিত থেকে প্রশিক্ষণে অংশ গ্রহণ করবেন।

সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হোক।

(মোঃ আকবর আলী শেখ)
সিনিয়র জেলা জজ, চুয়াডাঙ্গা।
গ্রেডেশন নং-০৩

স্মারক নং- ২৪৪(৩)/২৫

তারিখঃ ১৫ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব মোঃ রাশিদুল মান্নাফ কবীর, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই)।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

২। ভারপ্রাপ্ত জজ, হিসাব শাখা, জেলা জজ আদালত, চুয়াডাঙ্গা।

৩। জনাব মোঃ আবু সাঈদ মোল্লা, বেঞ্চ সহকারী, অতিরিক্ত জেলা ও দায়রা জজ ২য় আদালত, চুয়াডাঙ্গা।

৪। জনাব মোঃ আলহাজ হোসেন, দায়রা সহকারী, জেলা জজ আদালত, চুয়াডাঙ্গা

৫। আদেশ বহি।

৬। অফিস কপি।

(মোঃ আকবর আলী শেখ)
সিনিয়র জেলা জজ, চুয়াডাঙ্গা।
গ্রেডেশন নং-০৩